“সুনির্দিষ্ট অংশের হকদারদের মীরাস পৌঁছে দাও। অতঃপর যা বাকী থাকবে তা (মৃতের) নিকটতম পুরুষের জন্য”।

ইবন ‘আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “সুনির্দিষ্ট অংশের হকদারদের মীরাস পৌঁছে দাও। অতঃপর যা বাকী থাকবে তা (মৃতের) নিকটতম পুরুষের জন্য”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বণ্টন অনুযায়ী মিরাসের নির্দিষ্ট অংশকে (ফারায়েজকে) তার হকদারদের শর‘ঈ ন্যায়সঙ্গত ভাবে ভাগ করে দিতে নির্দেশ দিয়েছেন। অতএব, আল্লাহর কিতাব অনুযায়ী নির্দিষ্ট অংশের উত্তরাধিকারীগণ দুই তৃতীয়াংশ, তৃতীয়াংশ, ষষ্ঠাংশ, অর্ধেক, চতুর্থাংশ ও অষ্টমাংশ হারে তাদের মাঝে সম্পদ বণ্টন করে দিবে। এরপর যা অবশিষ্ট থাকবে তা মৃতব্যক্তির নিকটতম পুরুষ আত্মীয়গণ পাবেন যাদেরকে "আসাবা" বলা হয়।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5887